

দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:

(বিআরডিবি'র আওতাধীন)

রেজি নং- ২০/কে, তারিখঃ-০৬/০৬/১৯৮৩ খ্রিঃ

দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৭.৬১.৪৭১৭.০০০.৪১.০১৭.৯১.১০৪

তারিখঃ- ১৫/০৬/২০২২ খ্রিঃ

এতদ্বারা দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সকল সম্মানিত সদস্যদের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, সমিতির অন্তর্ভুক্তি ব্যবস্থাপনা কমিটির ১৮/০৫/২০২২ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৭/০৭/২০২২ ইং তারিখ রোজ বধুবার অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারণ সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের নিমিত্ত নির্বাচন কমিটির অদ্য ১৫/০৬/২০২২ ইং তারিখের সভায় প্রণীত সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিবি অনুসারে সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নির্বাচনী তফসিল নিম্নরূপ ভাবে ঘোষণা করা হ'ল।

নির্বাচনী তফসিল /২০২২ খ্রিঃ

ক্রঃনং	কর্মসূচী	স্থান	তারিখ	সময়	মন্তব্য
০১	মনোনয়নপত্র বিতরণ।	দাকোপ ইউসিসি এর কার্যালয়	২২/০৬/২০২২ খ্রিঃ ও ২৩/০৬/২০২২ খ্রিঃ	সকাল ১১.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত।	নির্বাচন কমিটি মনোনয়নপত্র বিতরণ করবেন।
০২	মনোনয়নপত্র জমাদানের তারিখ।	দাকোপ ইউসিসি এর কার্যালয়	২৭/০৬/২০২২ ইং	সকাল ১১ টা হতে দুপুর ৩ টা	নির্বাচন কমিটি জমা গ্রহণ করবেন।
০৩	মনোনয়নপত্র বাছাই।	দাকোপ ইউসিসি এর কার্যালয়	২৯/০৬/২০২২ ইং	সকাল ১১ টা	প্রার্থী বা তার প্রতিনিধি উপস্থিত থাকবেন।
০৪	মনোনয়নপত্র বাছাইঅন্তে প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ	দাকোপ ইউসিসি এর কার্যালয় নোটিশ বোর্ড	২৯/০৬/২০২২ ইং	দুপুর ১.০০ টা	--
০৫	প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিল কৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল	বিভাগীয় সমবায় কার্যালয়, বয়রা খুলনা	৩০/০৬/২০২২ ইং ও ০৩/০৭/২০২২ ইং (দুই কর্ম দিবস)	অফিস চলাকালীন সময়ে।	যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
০৬	আপিলের ফলাফল ও নিষ্পত্তি।	বিভাগীয় সমবায় কার্যালয়, বয়রা, খুলনা	০৪/০৭/২০২২ ইং ০৫/০৭/২০২২ ইং ও ০৬/০৭/২০২২ ইং (তিন কর্ম দিবস)	অফিস চলাকালীন সময়ে।	যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
০৭	নির্বাচন কমিটি কর্তৃক বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ।	দাকোপ ইউসিসি এর কার্যালয় নোটিশ বোর্ড	০৭/০৭/২০২২ ইং	সকাল ১১.৩০ টা	নোটিশ বোর্ড
০৮	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	দাকোপ ইউসিসি এর কার্যালয়	১৪/০৭/২০২২ ইং	সকাল ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত	নির্বাচন কমিটি আবেদন গ্রহণ করবেন।
০৯	প্রতীক বরাদ্দ	দাকোপ ইউসিসি এর কার্যালয়	১৪/০৭/২০২২ ইং	দুপুর ০২ টা থেকে দুপুর ০৩ টা পর্যন্ত	নির্বাচন কমিটির সভাপতি কর্তৃক বরাদ্দ করবেন।
১০	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	দাকোপ ইউসিসি এর কার্যালয় নোটিশ বোর্ড	১৪/০৭/২০২২ইং	বিকাল ৪ টা	--
১১	ভোট গ্রহণ	দাকোপ ইউসিসি এর মিলনায়তন কক্ষে	২৭/০৭/২০২২ খ্রিঃ	সকাল ১১ টা হতে দুপুর ৩ টা পর্যন্ত বিরতিহীনভাবে।	
১২	ফলাফল ঘোষণা	দাকোপ ইউসিসি এর মিলনায়তন কক্ষে	২৭/০৭/২০২২ খ্রিঃ	ভোট গণনা শেষে।	--

নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয়ঃ-

১. নির্বাচন সমবায় সমিতি আইন/০১, সমবায় সমিতি আইন (সংশোধিত ২০০২ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।
২. সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে অগ্রহী প্রত্যেক প্রার্থীকে সভাপতি পদে ৩,০০০/- (তিন হাজার) টাকা, সহ- সভাপতি পদে-২,০০০/- (দুই হাজার) টাকা এবং সদস্য পদে ১,০০০/- (এক হাজার) টাকা অফেংযোগ্য জামানত প্রদান করে মনোনয়নপত্র নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহ করতে হবে।